

অনুষ্ঠানে নাম: আমেরিকার রাজনীতি
রেকর্ডিং: ৫ মার্চ ২০১৭ রাত ৮ টায় (রবিবার)
পর্ব ১৫

স্বাগত:

দর্শক, বিশ্বের সম-সাময়িক রাজনীতির বিভিন্ন বিষয় নিয়ে ভয়েস অফ আমেরিকা ও আরটিভির যৌথ অনুষ্ঠান আমেরিকার রাজনীতিতে স্বাগত জানাচ্ছি আমি সৈয়দ আশিক রহমান। আজকের বিষয়: মার্কিন কংগ্রেসে ডোনাল্ড ট্রাম্পের ভাষণ। এ বিষয়ে আলোচনার জন্য স্টুডিওতে রয়েছেন:

সাবেক রাষ্ট্রদূত ডক্টর তৌফিক আলী

এবং

বিশ্লেষক ও সাবেক রাষ্ট্রদূত অবসরপ্রাপ্ত মেজর জেনারেল আমসা আমিন।

আপনাদের দু'জনকেই আমন্ত্রণ আরটিভি স্টুডিওতে। অনুষ্ঠানের শুরুতেই দেখে নিই ভয়েস অফ আমেরিকার ওয়াশিংটন ডিসি স্টুডিও থেকে পাঠানো আরটিভির জন্য সাক্ষাতকার।

... ..

ধন্যবাদ রোকেয়া হায়দার।

... ..

ডক্টর তৌফিক আলী আপনাকে দিয়ে শুরু করতে চাই।

০১. আলোচনাতেই যেমনটি দেখছিলাম এবং বিশ্লেষকেরাও বলছেন, এই ভাষণে ট্রাম্পকে যথেষ্ট সংযত আচরণে দেখা গেছে। আপনার বিশ্লেষণ জানতে চাই।

০২. জেনারেল আমসা আমিন: ট্রাম্পের এই ভাষণে সামরিক খাতে ব্যয় বৃদ্ধির কথা যেভাবে বলেছেন, এর প্রতিক্রিয়াও আমরা দেখেছি। এর মধ্যদিয়ে তিনি কী আস্থা অর্জনের চেষ্টা করেছেন?

০৩. ডক্টর তৌফিক আলী: ট্রাম্পের নিরাপত্তা উপদেষ্টা জেনারেল এইচ আর ম্যাকম্যাস্টার রেডিক্যাল ইমলামিস্ট টেরোরিজম নিয়ে যে মন্তব্য করেছেন, এর ফলে শঙ্কা প্রকাশ করেছেন অনেকেই। মুসলিম ভীতি দূরিকরণে মার্কিন নীতির পরিবর্তন কতটুকু সম্ভব?

বিরতি:

দর্শক, দেখছেন ভয়েস অফ আমেরিকা ও আরটিভির যৌথ অনুষ্ঠান আমেরিকার রাজনীতি। এই পর্যায়ে নিচ্ছি বিরতি, ফিরছি একটু পরেই। সে পর্যন্ত আমাদের সঙ্গেই থাকুন।

ওয়েলকাম ব্যাক:

দর্শক, আবারো আমন্ত্রণ আমেরিকার রাজনীতি অনুষ্ঠানে। কথা বলছি মার্কিন কংগ্রেসে ডোনাল্ড ট্রাম্পের ভাষণ নিয়ে। বিরতির পর দুজনকে আবারো আমন্ত্রণ আরটিভি স্টুডিওতে।

০১. জেনারেল আমসা আমিন ও ডক্টর তৌফিক: আপনাদের দু'জনের কাছেই জানতে চাই, বহুল আলোচিত ট্রাম্পের অভিবাসন নীতি। এবারের ভাষণে তিনি এ নিয়ে বিস্তারিত না বললেও, আভাস দিয়েছেন কানাডা, অস্ট্রেলিয়ার মতো গুণাগুণের ভিত্তিতে অভিবাসী গ্রহণের কথা। এর মাধ্যমে অভিবাসীদের কী বার্তা দিতে চাইছেন ট্রাম্প?

০২. জেনারেল আমসা আমিন: বলা হচ্ছে মার্কিন রাজনীতিতে আলোচিত চরিত্র রুশ রাষ্ট্রদূত সের্গেই কিসলিয়াক। তাঁর সঙ্গে বিধিবহির্ভূত যোগাযোগের কারণে বরখাস্ত হয়েছেন ট্রাম্পের জাতীয় নিরাপত্তাবিষয়ক উপদেষ্টা, ফ্লিন। এখন আবার আলোচনায় অ্যাটর্নি জেনারেল। সামনে আরো কী অপেক্ষা করছে?

০৩. ডক্টর তৌফিক আলী: নতুন অভিযোগ ওঠেছে ট্রাম্পের ফোনে আড়িপাতা নিয়ে। খোদ বারাক ওবামাকে দায়ী করে টুইটও করেছেন ট্রাম্প। এছাড়া, রাশিয়ার সাথে ডেমোক্রেটদের সম্পর্ক নিয়ে নতুন তদন্তের কথাও বলেছেন, তিনি। এই বিষয়গুলোর মধ্যে সামঞ্জস্য কিছু দেখছেন কী?

ক্লোজিং:

দর্শক, জরিপ বলছে, ডেমোক্রেটিক পার্টির সমালোচনা সত্ত্বেও ট্রাম্পের এই ভাষণ, যুক্তরাষ্ট্রের অধিকাংশ মানুষের ভালো লেগেছে। সিএনএনের নেয়া এক জরিপের তথ্যমতে প্রতি ১০ জনের সাতজনই এ ভাষণে সন্তুষ্ট। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প তার ভাষণে স্বপ্ন ভাগবাটোয়ারার যে কথা বলেছেন, আমরা তার বাস্তবায়নের প্রত্যাশায় শেষ করছি আজকের অনুষ্ঠান। এতক্ষণ সঙ্গে থাকার জন্য ধন্যবাদ সবাইকে।